## **ভিডব্লিউবি (ভালনারেবল উইমেন বেনিফিট) কর্মসূচি:**

| | |
|---|---|
| ভিডব্লিউবি কর্মসূচি: | দিঘলিয়ার উপজেলার ৬ টি ইউনিয়ন |
| ইউনিয়নওয়ারী সুবিধাভোগীর সংখ্যা | গাজিরহাট- ৩৮৫ জন, বারাকপুর- ৪৩৩ জন, দিঘলিয়া- ৫২৩, সেনহাটি- ৭৪৫, আড়ংঘাটা- ২১০, যোগীপল- ৪৫০। |
| সর্বমোট সুবিধাভোগীর সংখ্যা | ২৭৪৬ জন |
| | • পরিপত্র অনুযায়ী উপজেলায় ভিজিডি উপকারভোগীর সংখ্যাপ্রাপ্তির পর উপজেলা কমিটি অবহিতকরণ সভা করেন এবং দারিদ্র্য চিহ্নিতকরণ ম্যাপ অনুযায়ী ইউনিয়নে সুবিধাভোগীর সংখ্যা নির্ধারণ করেন।<br>• উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ইউনিয়ন পর্যায়ে ভিজিডি মহিলা বাছাই কমিটির সাথে অবহিতকরণ সভায় উপকারভোগী বাছাই সম্পর্কে ধারণা দেন।<br>• ইউনিয়ন ভিজিডি সুবিধাভোগী বাছাই কমিটি প্রতিটি ওয়ার্ডের জন্য চার সদস্যবিশিষ্ট পৃথক পৃথক ওয়ার্ড কমিটি গঠন করেন।<br>• ওয়ার্ড ভিজিডি কমিটি সুবিধাভোগী বাছাই করার জন্য কবে, কোথায় জনসভা করা হবে তা প্রচার করেন।<br>• ওয়ার্ড কমিটি এলাকাভিত্তিক নির্ধারিত তারিখের জনসভায় গ্রামবাসীর উপস্থিতিতে সুবিধাভোগী নির্বাচিত হবার শর্তাবলি ব্যাখ্যা করেন এবং শর্তানুযায়ীসম্ভাব্য যোগ্য মহিলাদেরকে https://dwavwb.gov.bd/ এই ওয়েবসাইটে প্রাথমিক আবেদন ফরম-১ পূরণ করতে বলেন।<br>• ওয়ার্ড সদস্যগণ প্রাথমিক আবেদন ফরম অনুযায়ী সম্ভাব্য মহিলাদের বাড়ি পরিদর্শন করে সংযুক্ত ছক-২ পূরণ করে যোগ্য মহিলাদের প্রাথমিক তালিকা প্রস্তুত করেন। তালিকাটি যৌথভাবে ক্ষুদ্রদলের সদস্যরা স্বাক্ষর করে প্রাথমিক আবেদন ফরম-১ সহ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার মাধ্যমে উপজেলা ভিজিডি কমিটিতে প্রেরণ করেন।<br>• উপজেলা ভিজিডি কমিটির সভাপতি উপজেলা নির্বাহী কর্মকর্তা পর্যালোচনা করে পূর্ণাঙ্গ তালিকা অনুমোদন করেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফরম -৩ অনুযায়ী প্রস্তুতকৃত পূর্ণাঙ্গ তালিকার প্রতিটি পাতায় স্বাক্ষর করেন। চূড়ান্ত স্বাক্ষরিত তালিকা ইউনিয়নে প্রেরণ করা হয়। ইউনিয়ন পরিষদ নোটিশবোর্ডে চূড়ান্ত তালিকা প্রদর্শন করা হয়।<br>• তালিকায় কোনো অনিয়ম/আপত্তি/অভিযোগ পরিলক্ষিত হলে উপজেলা ভিজিডি কমিটি (উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক দুই/তিন সদস্যবিশিষ্ট |

| | |
|---|---|
| | তদন্ত কমিটি) সরজমিন তদন্ত করা হয়।<br>• চূড়ান্ত তালিকা অনুমোদনের ৭ দিনের মধ্যে উপজেলা পরিষদ কর্তৃক পূর্বনির্ধারিত তারিখে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত উপজেলা কর্মকর্তা (ট্যাগ অফিসার) উপস্থিত থেকে অনুমোদিত তালিকা অনুযায়ী নির্বাচিত ভিজিডি সুবিধাভোগী মহিলার সাক্ষাৎকার গ্রহণ করে ভিজিডি কার্ড বিতরণ করেন।<br>• উপজেলা ভিজিডি কমিটি প্রতিটি ইউনিয়নের খাদ্যশস্য বিতরণের পৃথক তারিখ নির্ধারণ করেন। অনুমোদিত তালিকা ও বিতরণকৃত কার্ড অনুযায়ী ২৪ মাসব্যাপী প্রতি মাসে ৩০ কেজি চাল ও প্রতি বস্তায় অতিরিক্ত ৩০০ গ্রাম করে পুষ্টি চাল (প্রিমিক্স কার্নেল) মিক্স করে প্রদান করা হয়।<br>• পরবর্তীতে সুবিধাভোগীদের নিয়ে নির্বাচিত এনজিও কর্তৃক আয়বর্ধক কর্মকাণ্ডের প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| সুবিধা ভোগের সময়কাল | ২ বছর |
| প্রয়োজনীয় অর্থ | বিনামূল্যে |
| ভিডব্লিউবি সেবা প্রাপ্তির স্থান | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় |
| সেবা প্রাপ্তির শর্তাবলী | ভিডব্লিউবি পরিপত্র অনুযায়ী |
| ভিডব্লিউবি সেবা সুবিধা নিয়ে অভিযোগ থাকলে আপিল করা যাবে | উপজেলা নির্বাহী অফিসার/ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা। |